শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি
NILPHAMARI PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী
E-mail : nilpbs@gmail.com
Website: pbs.nilphamari.gov.bd
Facebook page: facebook.com/nilphamaripbs

স্মারক নং ২৭.১২.৭৩৬৪.৫৫৪.০১.০৩৮.২২.2908

তারিখঃ ০৪ শ্রাবণ'১৪২৯ বঙ্গাঃ
১৯ জুলাই' ২০২২ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

অত্র পবিসের নির্ধারিত সিডিউল অনুযায়ী নিম্নোক্ত মালামাল সরবরাহের জন্য নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীর আলোকে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
|---|---|---|---|---|---|---|
| দরপত্র নং | ক্রয়তব্য মালামালের বিবরণ | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | | দরপত্র দলিলের মূল্য (টাকা) (অফেরতযোগ্য) | দরপত্র জামানত (টাকা) |
| | | | গ্রহণ | খোলা | | |
| ০১/২২-২৩ | কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম | ২১/০৭/২০২২ খ্রিঃ তারিখ বৃহঃবার হতে ০২/০৮/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার পর্যন্ত | ০৩/০৮/২০২২ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত | ০৩/০৮/২০২২ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.৩৫ ঘটিকা | ১,৫০০/- | ৮০,০০০/- |
| ০২/২২-২৩ | মুদ্রণ মালামাল | | | | ১,০০০/- | ২৪,০০০/- |
| ০৩/২২-২৩ | ষ্টেশনারী মালামাল | | | | ১,০০০/- | ১২,০০০/- |
| ০৪/২২-২৩ | বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল | | | | ১,০০০/- | ২৮,০০০/- |

**শর্তাবলীঃ**

০১। দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট http://pbs.nilphamari.gov.bd থেকে ডাউনলোড করে বিস্তারিত জানা যাবে । এছাড়াও আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নোক্ত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ "নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকুলে যে কোন তফসিল ব্যাংক হতে প্রতিটি দরপত্রের বিপরীতে উপরে বর্ণিত ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে সরবরাহকারী/প্রস্তুতকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে নীলফামারী পবিসের সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে নীলফামারী পবিস এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। প্রতিটি দরপত্রের সাথে নীলফামারী পবিসের অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ছকে উল্লেখিত টাকার পরিমাণ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। এছাড়াও দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে (বিস্তারিত দরপত্র দলিলে রয়েছে)।

০৫। দাখিলকৃত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য ১ম সর্বনিম্ন রেসপনসিভ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে মালামাল সংগ্রহ করা হবে। কার্যাদেশ প্রদানের সময় পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিআর-২০০৮) অনুযায়ী মালামালের পরিমাণ কম/বেশি হতে পারে।

০৬। প্রাপ্ত দরপত্র সমূহ বর্ণিত সময়সীমা অনুযায়ী নীলফামারী পবিস এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

০৭। সরবরাহকারীকে নীলফামারী পবিস কর্তৃক সরাসরি মালামালের মুল্য একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। সরবরাহকারী-কে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৮। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭দিন পূর্বে নীলফামারী পবিস এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী এ লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যদিবস সমুহে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয়, তবে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবহিকভাবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে।

১০। নীলফামারী পবিস কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৭/০৫/২২
(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)। ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------পবিস-১/২/৩/৪।
০৭। পুলিশ সুপার, নীলফামারী (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নীলফামারী (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
০৯। সকল ডিজিএম, নীলফামারী পবিস।
১০। সকল এজিএম, নীলফামারী পবিস [এজিএম (আইটি) পবিসের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন] ।
১১। নোটিশ বোর্ড, নীলফামারী পবিস/ওয়েব সাইটঃ www. pbs.nilphamari.gov.bd
১২। অফিস কপি/মাষ্টার কপি।

১৭/০৫/২২
(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার